

প্রতিবাদলিপি


বিষয়: দৈনিক শিক্ষায় প্রকাশিত মিথ্যা সংবাদ ও জারিকৃত ভুয়া পত্র প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, দৈনিক শিক্ষা নামীয় অনলাইন পত্রিকায় ১৯ ফেব্রুয়ারি ২০২১ তারিখে একটি মিথ্যা সংবাদ প্রকাশিত হয়। সংবাদে বলা হয়, সনদ বিক্রিসহ বিভিন্ন দুর্নীতির অভিযোগে আদালতের আদেশে বন্ধ করে দেয়া দারুল ইহসান বিশ্ববিদ্যালয় থেকে অর্জিত সনদের বৈধতা দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। বিশ্ববিদ্যালয়টির ২৯টি ক্যাম্পাসের সব শিক্ষার্থীদের সনদের বৈধতা দেয়ার বিষয়ে সম্মতি দিয়েছে মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। একইসাথে শিক্ষার্থীদের মূলসনদ ইস্যু করতে পরিচালনা পর্ষদের সদস্যদের তালিকা প্রস্তাব করতে বলা হয়েছে।

২। নিম্নস্বাক্ষরকারীর উদ্ধৃতি দিয়ে সংবাদে বলা হয়েছে যে, 'দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের পরিচালক মাহমুদ আহমেদের অনুকূলে বৈধ ২৯টি ক্যাম্পাসের সব শিক্ষার্থীর সনদের বৈধতা দেয়ার সম্মতি দেয়া গেল এবং একইসাথে শিক্ষার্থীদের মূল সনদ ইস্যু কার্যক্রম পরিচালনা পর্ষদের ৩জন তালিকা প্রস্তাব পাঠানোর জন্য অনুরোধ করা হলো'।

৩। এছাড়া নিম্নস্বাক্ষরকারীর নামের ভুয়া স্বাক্ষরে বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখার ১৬ ফেব্রুয়ারি ২০২১ তারিখের ৩৭.০০.০০০০.০৭৮.৩১.০০১.১৯.৩৪ নং ভুয়া স্মারক দেখিয়ে একটি জাল পত্র জারি করা হয়েছে। প্রকৃতপক্ষে দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের অনুকূলে ২৯টি ক্যাম্পাসের সব শিক্ষার্থীর সনদের বৈধতা দেয়া এবং শিক্ষার্থীদের মূল সনদ ইস্যু কার্যক্রম পরিচালনা পর্ষদের ৩ জনের তালিকা প্রস্তাব পাঠানোর অনুরোধ সম্পর্কিত কোন কার্যক্রম কিংবা সিদ্ধান্ত মন্ত্রণালয়ে গৃহীত হয়নি এবং এ বিষয়ে বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা থেকে কোন পত্র জারি করা হয়নি।

৪। প্রচারিত সংবাদ সম্পূর্ণ মিথ্যা, বানোয়াট ও উদ্দেশ্যপ্রনোদিত। এ ধরনের মিথ্যা ও প্রতারণামূলক সংবাদের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

 ০২/০৩/২০২১

(শামিমা বেগম)

উপসচিব

বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়।